37

# দৈনিক ইনকিলাব

তারিখ ...07 MAY 1997...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৭ ......

সায়নিক উপাদান ইরানের কাছে বিক্রির ন্য নাহুম মানবার নামক ঐ কোটিপতি ৪ কোটি ৬০ লাখ ডলার পেয়েছে। দোষী ব্যস্ত হলে শনিবার ১৫ বছরের কারাদন্ড তে পারে। বিচার মন্ত্রণালয়ের এক খপাত্র জানান, ইসরাইলী গোয়েন্দা র্মকর্তার মানবারকে ইরানের সাথে ব্যবসা করার জন্য বহুবার সতর্ক করে য়েছিলেন।

আদোভেন কো. এবং রুমানিয়ার প্রধানমন্ত্রী আদরিয়ান সেভারিন। চুক্তি স্বাক্ষরের আনুষ্ঠানিকতা শেষে সেভারিন সংবাদ সম্মেলনে বলেন, রুমানিয়ার সীমান্ত নিরাপত্তার পক্ষে এ চুক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ। তবে বুখারেস্ট এতে ন্যাটোর সদস্য পদপ্রার্থী সুবিধা লাভের চেষ্টা করেছেন। একথা অস্বীকার করেন।

## উন্নয়নশীল বিশ্বে ক্যান্সার রোগ দ্বিগুণ হওয়ার আশংকা

শ্ব স্বাস্থ্য সংস্থা উদ্বেগ প্রকাশ করেছে যে, দু'হাজার ২০ সাল নাগাদ উন্নয়নশীল শগুলোতে ক্যান্সার রোগ দ্বিগুণ হতে পারে। উন্নত দেশে এই রোগের বৃদ্ধির হার ৫০ তাংশ। এর ফলে এই সময়ের মধ্যে কিছু কিছু ক্ষেত্রেই ক্যান্সার রোগীর সংখ্যা বার্ষিক ক কোটি থেকে দেড় কোটিতে বৃদ্ধি পাবে বলে ধারণা করা হচ্ছে। গত সোমবার বিশ্ব স্থ্য সংস্থা (এইচওডব্লু)-এর ১৯৯৭ সালের এক রিপোর্টে এ কথা বলা হয়। খবর সস'র

পোর্টে বলা হয়, উন্নয়নশীল দেশগুলোতে সংক্রামক রোগের ঝুঁকি ঐতিহ্যগতভাবেই র্বাধিক। এছাড়াও সহজেই এই অঞ্চলে সংক্রামক রোগ ছড়াতে পারে।

শ্ব স্বাস্থ্য সংস্থা এই অবস্থাকে যন্ত্রণার দ্বিগুণ বোঝা বলে অভিহিত করে। এতে বলা হয়, দিও এই দেশগুলোতে জীবনযাত্রার মান নাটকীয়ভাবে বেড়ে গেছে, তবু ডায়াবেটিস, ্যান্সার এবং অন্যান্য রোগ এসব অঞ্চলে বৃদ্ধি পেয়েছে। ডব্লুএইচও'র এই সমীক্ষায় ্যান্সার বিস্তারের প্রধান কারণগুলো সম্বন্ধে বলা হয় যে, দরিদ্রতম দেশগুলোর জনগণ খনও অস্বাস্থ্যকর জীবন-যাপন করে। এতে বলা হয়, অদক্ষ স্বাস্থ্য কর্মসূচী, অসম খাদ্য হণ, তামাক, এলকোহল এবং মাদকদ্রব্য এইসব দেশে রোগ বিস্তারের প্রধান কারণ।

তি বছর হৃদরোগে আক্রান্ত হয়ে এককোটি ৫৩ লাখ লোক মারা যায় এবং ক্যান্সারে াক্রান্ত হয়ে ৬৩ লাখ লোক প্রতি বছর মারা যায়। এতে বলা হয়, উন্নয়নশীল শগুলোতে এক কোটি ৭০ লাখেরও বেশী লোক সংক্রামক ব্যাধিতে আক্রান্ত হয়। এতে লা হয়, উন্নয়নশীল বিশ্বে তৃতীয় বৃহত্তম ঘাতক রোগ হল ক্যান্সার। প্রতি বছর এই শগুলোতে ৪০ লাখ লোক ক্যান্সারে মারা যায়।

ন্নয়নশীল দেশগুলোতে লিভার ক্যান্সার একটি সমস্যা। বিশ্বব্যাপী বক্ষ এবং ফুসফুসের ্যান্সারও একটি বড় সমস্যা। প্রতিবছর দশ লাখ লোক ক্যান্সারে মারা যায়।

লেবার পার্টির সদস্য হ্যারিয়েট হারম্যান বলেন, এটি গণতন্ত্রের জন্য অত্যন্ত ভাল খবর। কারণ, দেশে মহিলারাও পার্লামেন্টে তাদের দেখতে পাবে।

হ্যারিয়েট হারম্যান গত শনিবার সামাজিক নিরাপত্তা বিভাগের প্রধান হিসাবে মন্ত্রী পরিষদে নিয়োগ পেয়েছেন। তিনি বলেন, এই বিজয়ের সাথে শিশুপালন এবং কাজের ব্যাপারে মহিলাদের সুযোগ-সুবিধার বিষয়টি অগ্রাধিকার পাবে। তিনি বলেন, এতে কাজ এবং ঘরে একটি সামঞ্জস্য মার্জিত হবে।

অনেকেই সন্দেহ করছে হাউজ অব কমন্স-এ পুরুষদের প্রাধান্য থাকবে না। রাজনৈতিক পন্ডিতদের ধারণা, শুটিং গ্যালারী দিবাযত্ন কেন্দ্রে পরিণত হবে। ইতিমধ্যেই সেলুনগুলিতে মহিলাদের জন্য আকর্ষণীয়ভাবে সাজানোর কাজ শুরু হয়েছে।

ব্লেয়ার প্রধানমন্ত্রী হিসেবে উত্তর লন্ডনে প্রধানমন্ত্রী ভবনে তার স্ত্রী এবং তিন সন্তানের সঙ্গে একটি রাত অতিবাহিত করেছেন। ১৯২০ সালে লেবার পার্টির প্রধানমন্ত্রী রামসে ম্যাকডোনাল্ডের পর তারই শিশু সন্তান রয়েছে। ১০ নং ডাউনিং স্ট্রীটে প্রধানমন্ত্রীর বাসভবনটি বেশ ছোট। গত শুক্রবার ভবনটি পরিদর্শনের পর ব্লেয়ার বলেন, পরিবার নিয়ে বসবাসের জন্য বাড়িটি আসলে ভাল নয়।

১৯৮৯ সালে মার্গারেট থ্যাচার যদিও একজন মহিলা হিসাবে ইউরোপের প্রথম মহিলা প্রধানমন্ত্রী নির্বাচিত হন, তবু বৃটেনের রাজনীতিতে ছিল সব সময় পুরুষ প্রাধান্য। মার্গারেট থ্যাচারের মন্ত্রী পরিষদে কোন মহিলা সদস্য ছিল না। তার পরবর্তী প্রধানমন্ত্রী জন মেজরের মন্ত্রীসভায় মাত্র দু'জন মহিলা মন্ত্রী ছিলেন।

জেরুজালেম থেকে এএফপি ঃ ইসরাইলের একজন পদস্থ সামরিক গোয়েন্দা কর্মকর্তা বলেছেন যে, সিরিয়া ইসরাইলের বিরুদ্ধে একটি সামরিক উপায় বেছে নেয়ার পরিকল্পনা করছে।

ইসরাইলী সামরিক বেতার জেনারেল আমোদ গিলাদের উদ্ধৃতি দিয়ে এ খবর জানায়। জেনারেল গিলাদ স্ট্র্যাটিজিক স্টাডিজ ফর মিলিটারী ইন্টেলিজেন্স এর প্রধান। তিনি বলেছেন, সিরিয়া সত্যিকারভাবেই একটি সামরিক উপায় বেছে নেয়ার প্রস্তুতি নিচ্ছে এবং ইসরাইলী সেনাবহিনীকে অবশ্যই বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখতে হবে। গত শুক্রবার তেলআবিবে সিনিয়র, রিজার্ভ অফিসারদের সাথে এক বৈঠক চলাকালে জেনারেল গিলাদ এ মন্তব্য করেন বলে জানা গেছে। ইসরাইলী কেবিনেট সচিব ড্যানি নাভেহ বৈঠকে ছিলেন এবং তিনিও এর সত্যতা স্বীকার করেছেন।

## কলিকাতাকে পোস্টারমুক্ত করার অভিযান

কলিকাতা থেকে পিটিআই ঃ কলিকাতা নগরীকে পোস্টারমুক্ত রাখার লক্ষ্যে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন এ মাসে একদিন এক ব্যাপক অভিযান শুরু করবে বলে জানিয়েছে। এতে অবৈধ পোস্টার লাগায় যারা তাদের বিরুদ্ধে কর্পোরেশন বিশেষ আইনানুগ ব্যবস্থা নেবে। সারা কলিকাতা নগরী একদিনের অভিযানে নগরীর পরিচ্ছন্নতা বজায় রাখতে সচেষ্ট থাকবে। আলোচনার পর দিন ধার্য করা হবে বলে মিউনিসিপ্যাল কমিশনার আসীম বর্মণ জানান।